



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ই-মেইল :
dgmaccounts1@krishibank.org.bd
ফোন : ৯৫৫৬৯৩১

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২৬-২৭/২৮

তারিখ: ০৯/০৭/২০২৬

- ১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/ স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ/আঞ্চলিক স্টাফ কলেজ।
- ৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ১লা জুলাই ২০২৬ থেকে বিভিন্ন খাতে ট্যাক্স এর হার পরিবর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এস.আর.ও. নং ২৭৩-আইন/আয়কর-৫/২০২৬, তারিখ ২১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/৫ জুলাই, ২০২৬ এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক জারীকৃত উৎসে কর বিধিমালা-২০২৬ এর প্রজ্ঞাপন এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত এস.আর.ও. এর মাধ্যমে নিম্নোক্ত অধিকতর সংশোধনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

ক) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ৯০ ধারার অধীনে কোনো সেবার জন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক কোনো নিবাসীকে কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করা হলে অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অর্থ পরিশোধের সময়, নিম্নবর্ণিত সারণী মোতাবেক উৎসে কর কর্তন করবেন, যথাঃ

ক্রমিক নং	সেবার বিবরণ এবং পরিশোধের পরিমাণ		হার
(১)	(২)		(৩)
১।	উপদেষ্টা বা পরামর্শক	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	১৫%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	৭.৫%
২।	পেশাদার সেবা (Professional Service)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	১৫%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	৭.৫%
৩।	কারিগরি সেবা ফি (technical services fee) বা কারিগরি সহায়তা ফি (technical know-how fee)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	১৫%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	১০%
৪।	(ক) ক্লিনিং, (খ) ব্যক্তিগত নিরাপত্তা, (গ) জনবল সরবরাহ, (ঘ) ক্রিয়েটিভ মিডিয়া, (ছ) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এজেন্সি সেবা	(১) কমিশন বা ফি এর উপরে	১০%
		(২) মোট বিল এর উপরে	১%
৫।	(ক) ক্যাটারিং, (খ) জনসংযোগ, (গ) ইভেন্ট পরিচালনা, (ঘ) প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা, (ঙ) কুরিয়ার সার্ভিস, (চ) প্যাকিং এবং শিফটিং, (ছ) সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি (জ) একই প্রকৃতির অন্যান্য সেবা	মোট বিল এর উপরে	২%
৬।	ইন্ডেন্ট কমিশন		৭.৫%
৭।	মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী বিল এর উপর (পূর্বের হার ১০%)		২০%
৮।	মোবাইল নেটওয়ার্ক অপারেটর কর্তৃক প্রদত্ত সেবা বিল এর উপর(পূর্বের হার ১২%)		১০%
৯।	ক্রেডিট রেটিং এজেন্সি বিল এর উপর		১০%
১০।	মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ বিল এর উপর (পূর্বের হার ৮%)		৫%
১১।	(১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়ার সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা (২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোনো প্রকার শেয়ারিং ইকনোমিক প্রাটফর্ম সেবার মোট বিলের উপর		২%
			২%
১২।	ইন্টারনেট সেবা		৫%
১৩।	অন্য কোনো সেবা যা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তনযোগ্য নয়		১০%

R



চলমান পাতা-০২

উল্লেখ্য, আয়কর আইন, ২০২৩ এর ৯০ ধারার অধীনে যেইক্ষেত্রে বিলে কমিশন বা ফি এবং মোট বিল প্রদর্শিত হয়, সেইক্ষেত্রে 'ক' ও 'খ' এর মধ্যে যাহা অধিক তা কর হিসাবে পরিশোধ করিতে হবে, যখন:
'ক' অর্থ কমিশন বা ফি এর উপর সারগীতে প্রদত্ত সংশ্লিষ্ট হার প্রয়োগ করিয়া পরিগণিত কর; এবং
'খ' অর্থ মোট বিলএর উপর সারগীতে প্রদত্ত সংশ্লিষ্ট হার প্রয়োগ করিয়া পরিগণিত কর;

গ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ১১৯ ধারার অধীনে যেইক্ষেত্রে কোনো নির্দিষ্ট ব্যক্তি বা দায়িত্বপ্রাপ্ত অন্য যেকোনো ব্যক্তি কোনো অনিবাসীকে এইরূপ কোনো অর্থ পরিশোধ করেন যাহা এই আইনের অধীন উক্ত অনিবাসীর জন্য করযোগ্য, সেইক্ষেত্রে উক্ত অর্থ পরিশোধের সময় উক্ত অর্থ প্রদানকারী, যদি না তিনি নিজেই এজেন্ট হিসাবে কর পরিশোধের জন্য দায়বদ্ধ থাকেন, নিম্নবর্ণিত সারগীতে উল্লেখিত হারে কর কর্তন বা সংগ্রহ করিবেন, যথাঃ

ক্রমিক নং	পরিশোধের বর্ণনা		হার
(১)	(২)		(৩)
১।	উপদেষ্টা বা পরামর্শক	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	২০%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	১০%
২।	পেশাদার সেবা (Professional Service)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	২০%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	১০%
৩।	কারিগরি সেবা ফি (technical services fee) বা কারিগরি সহায়তা ফি (technical know-how fee)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	২০%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	১০%

৩৩। অর্থ আইন, ২০২৬ মোতাবেক আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর কতিপয় ধারায় নিম্নলিখিতভাবে ভাবে সংশোধন করা হয়েছে।

ধারা ৯৭ঃ স্থানীয় ঋণপত্রের বিপরীতে পরিশোধিত অর্থ হইতে কর্তন:-

উপধারা	বিবরণ	কর হার
(৫)	উপ-ধারা (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:- "(৫) ধান, ধানের কুড়া, চাল, পুষ্টি চালের কার্নেল, গম, আলু, গবাদি পশু, গবাদি পশুর হাড়, হাঁস-মুরগি, মাছ, চিংড়ি, মাংস, পেঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, বীজ, পাট, পাটকাঠি, সরিষা, তিল, কাঁচা চা-পাতা, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, তেজপাতা, ডিম, শাকসবজি, লেবু, কাঁচামরিচ, তরল দুধ, স-মিলের ভুসি, পোল্ট্রি ফিড, পিলেটেড পোল্ট্রি ফিড, মাশরুম, মধু, গুড়, তামাক ব্যতীত অন্যান্য গাছের পাতা ও বাকল, চিটাগুড়, খৈল, সয়াবিন মিল, ডি-ও- আর-বি (De-oiled Rice Bran), তুলা, কাঁচা চামড়া, জৈব সার, জৈব বালাইনাশক, হস্তশিল্পজাত পণ্য ত্রয়ের জন্য খোলা বা কৃত স্থানীয় ঋণপত্র খোলা বা অন্য কোনো অর্থায়ন চুক্তির ক্ষেত্রে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর কর্তন করিবে।":	০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ)
(৫ক)	উপ-ধারা (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৫ক) প্রতিস্থাপিত হইবে, যথা:- "(৫ক) এম এস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহপণ্য, ফেরো অ্যালয় পণ্য বিক্রয়ের ক্ষেত্রে স্থানীয় ঋণপত্র খোলা বা অন্য কোনো অর্থায়ন চুক্তির মাধ্যমে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর কর্তন করিবে।"।	২% (দুই শতাংশ)

ধারা ১১২ঃ নগদ রপ্তানি ভর্তুকির উপর উৎসে কর কর্তন:

রপ্তানি বৃদ্ধির জন্য রপ্তানিকারককে নগদ রপ্তানি ভর্তুকির কারণে যেকোনো পরিমাণ অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, অর্থ প্রদান বা জমার সময়, প্রদেয় মোট অর্থের ১০% (দশ শতাংশ) হারের পরিবর্তে ৫% (পাঁচ শতাংশ) অগ্রিম কর কর্তন বা সংগ্রহ করবেন।

ধারা ১১৪ঃ বিদ্যুৎ ত্রয়ের বিপরীতে কর কর্তন।

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা বিদ্যুৎ বিতরণে নিয়োজিত অন্য কোনো ব্যক্তি, বিদ্যুৎ ত্রয়ের অর্থ পরিশোধকালে প্রদেয় অর্থের ৪% (চার শতাংশ) হারের পরিবর্তে ৩% (তিন শতাংশ) কর সংগ্রহ, কর্তন বা পরিশোধ করবেন।

ধারা ১২৪ঃ কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয় হইতে কর কর্তন:-

-ফি, সেবা চার্জ বা পারিশ্রমিক, তাহা যে নামেই অভিহিত হউক না কেন, বা যেকোনো নামে বা প্রকৃতির রেভিনিউ শেয়ারিং এর মাধ্যমে নিম্নবর্ণিত কাজের বিনিময়ে বিদেশ হইতে প্রেরিত অর্থ কোনো ব্যক্তির হিসাবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রাপকের হিসাবে অর্থ পরিশোধ বা জমা প্রদানকালে উক্ত পরিশোধিত বা জমাকৃত অর্থের উপর ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) হারের পরিবর্তে ৫% (পাঁচ শতাংশ) কর কর্তন করবেন, যথা:-

(ক) বাংলাদেশে প্রদত্ত কোনো সেবার জন্য;


(খ) কোনো নিবাসী ব্যক্তি কর্তৃক কোনো বিদেশি ব্যক্তিকে পরিষেবা প্রদান বা কোনো কাজের জন্য;

(গ) বিজ্ঞাপন বা অন্য কোনো উদ্দেশ্যে কোনো অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারের অনুমতি প্রদানের জন্য;

০৪। উল্লেখ্য, সময় সময় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যাক্স কর্তনের হার পরিবর্তন করা হলে পরিবর্তিত হারে কর্তন করতে হবে।

০৫। উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের লক্ষ্যে এবং প্রয়োজনীয় কার্যার্থে পত্র প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,




(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২৬-২৭/ ২৮

তারিখ : ঐ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো :

- ১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।



(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক